



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

১৫/৪/২০২৬

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/ব্য:ন:/০২/২০১৫/ ৬২৫

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

বিষয় : অবিলম্বে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান।

আপনি University of South Florida, USA-তে Master's in Educational/Instructional Technology প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত গত ০৯-১২ ২০২৩ থেকে ০৮-১২-২০২৪ তারিখ পর্যন্ত প্রাথমিকভাবে ০১ বছরের বিনা বেতনে শিক্ষা ছুটি (বহিঃবাংলাদেশ) নিয়ে যুক্তরাষ্ট্রে গমন করেন। পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রোগ্রাম সম্পন্ন করার জন্য পূর্বের ধারাবাহিকতায় ০৯-১২-২০২৪ হতে ৩১-১২-২০২৫ তারিখ পর্যন্ত আরো ০১ বছর ২৩ দিন বিনা বেতনে শিক্ষা ছুটির (বহিঃবাংলাদেশ) মেয়াদ বৃদ্ধি করা হয়। অর্থাৎ মঞ্জুরকৃত সর্বমোট ০২ বছর ২৩ দিন বিনা বেতনে শিক্ষা ছুটির (বহিঃবাংলাদেশ) মেয়াদ ইতোমধ্যে শেষ হলেও অদ্যবধি আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনো প্রকার যোগাযোগও করেন নি। উল্লেখ্য, আপনার দাখিলকৃত তথ্যানুযায়ী Master's in Educational/Instructional Technology প্রোগ্রামের মেয়াদ ৩১-১২-২০২৫ তারিখ পর্যন্ত। এহেন প্রেক্ষাপটে আপনাকে অবহিত করা যাচ্ছে যে, আপনি গত ০১-০১-২০২৬ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ও (চ) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এবং একই বিধিমালার ৪ নং বিধির (৫) নং উপ-বিধির (গ) দফানুসারে দন্ডনীয় অপরাধ (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অবিলম্বে কর্মস্থলে যোগদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। অন্যথায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৫/০৪/২০২৬
ড. মোঃ ফখরুল ইসলাম

সচিব

ফোন : ৫৮১৬০১০৬ (অফিস)

১। জনাব মো. জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব (শিক্ষা ছুটিতে)
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

২। Mr. Md. Jahirul Islam
Apartment 202
14247 Les Palm Circle,
Tampa, Florida-33613
The USA.

০৭/০৪/২০২৬
AYR

০৭/০৪/২০২৬

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/ব্য:ন:/০২/২০১৫/ ৬২৫

তারিখ : ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, ইউজিসি, ঢাকা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত পরিচালক), ইউজিসি, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, আইসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (কমিশনের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪-৮। সহকারী সচিব/ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
- ১০। অফিস কপি নথি।
- ১১-১২। নথি/মহানথি।

০৫.০৪.২৬

মোঃ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব